

আমার দুর্গা

—দেবজ্যোতি দাস

ঘরে ঘরে চাঁদা নিতে ছেলেদের দল বেড়িয়ে পড়েছে ।
সকালের সোনালী রোদুর আর সন্ধ্যা বেলায় শিউলি ফুলের ঘ্রাণ,
গলির মোড়ে বাঁশ বাঁধা চলছে ।
বান্ধবীদের সাথে টিউশনের ঘন্টা খানেক আলোচনার পর ঠিক হয়েছে,
রাই ও তার বান্ধবীরা নবমীতে সারি পড়বে ।
সারির আবদার বাবার কাছে রাখার অপেক্ষা মাত্র ।
বাবার এই পূজোর কিছু দিন বাড়ি ফিরতে রাত হয় বেশ,
এই কিছু দিন ই তো সেই ছোট্ট চুড়ির দোকানে রোজগার,
বাকি বছর তো শেষ ।
বাবা বাড়ি ফিরতেই রাই বলে ওঠল,
“নবমীতে আমার সারি চাই এবার!”
ক্লান্ত মুখে হাসি নিয়ে বাবা মাথা নুইয়ে ভাত খেতে বসলেন ।
কোন বাবার কি মন হয় তার রাজকন্যাকে ফিরিয়ে দেবার ?
রাই কোনো উত্তর না পেয়ে ঘুমিয়ে পড়ল অভিমানে,
হঠাৎ রাতে ঘুম ভাঙতেই গল্প শুনে কানে কানে,
বাবা মাকে বলছেন ডেকে
“আমিতো পূজায় সময়ই পাই না, তোমাদের সাথে কি আর বেরোতে
পারি ?
আমার কাপড় এবার থাক ,
রাই-র জন্য নিয়ে নিও একটি ভালো সারি ।”
কথা শেষে দীর্ঘশ্বাসে হারিয়ে গেলো রাই,
“বাবার সকল কমদামি সখ,
আমার দামি তাই ।”
পরের দিন টিউশনের আড্ডায় হেসে বলল,
“আমি এবার পড়ছি নারে সারি ।”
এভাবেই জন্মিল আরেক দুর্গা ।
জন্মিল আরেক নারী ।

* * * *